

প্রশান্তির একটি দিন

স্টাফ রিপোর্টার ॥ দীর্ঘদিন পর শনিবার প্রশান্তির দিন পার করল নগরবাসী। সূর্যের তেজ ছিল না বললেই চলে। দিনভর বয়ে যায় মৃদু বাতাস। নড়ে ওঠে গাছপালার পাতা। যাত্রীরা খুলে দেয় রিকসার হুড। বেলা গড়িয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে বাড়তে থাকে বাতাসের প্রবাহ। পথচারীদের শরীর ছুঁয়ে যায় স্বস্তির বাতাস। আবহাওয়া অফিস জানিয়েছে, দেশের উত্তর-উত্তর পশ্চিম দিক থেকে বায়ু প্রবাহিত হচ্ছে। শনিবার খুলনা, যশোরসহ বেশ কয়েকটি অঞ্চলে কালবৈশাখী ঝড় সৃষ্টি হয়। এর প্রভাব এসে পড়ে রাজধানী ঢাকার ওপর। ফলে আবহাওয়া থাকে অন্য দিনের তুলনায় আরামদায়ক। এদিকে উত্তর-পূর্ব বঙ্গোপসাগর ও মিয়ানমার উপকূলে সৃষ্টি লঘুচাপ সামান্য উত্তরে এগিয়ে অপরিবর্তিত অবস্থায় রয়েছে। চট্টগ্রাম ও কক্সবাজার বন্দরকে স্থানীয়ভাবে তিন নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আবহাওয়া অফিস জানায়, শনিবার দেশের তাপমাত্রা সর্বোচ্চ মংলায় ৩৮ ডিগ্রি এবং সর্বনিম্ন সন্দ্বীপে ২৩ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড হয়। ঢাকায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া অফিসের দেয়া এ তথ্য থেকে দেখা গেছে, রাজধানীতে তাপমাত্রা কমে গেলেও সারাদেশের তাপমাত্রা তেমন নিম্নগামী হয়নি। অপরিবর্তিত রয়েছে। আজ রবিবার চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা অথবা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্র বৃষ্টি হতে পারে। সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। এদিকে উত্তর-পূর্ব বঙ্গোপসাগর ও মিয়ানমার উপকূলে লঘুচাপের কারণে উত্তর বঙ্গোপসাগরের সব মাছ ধরা নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত উপকূলের কাছে অবস্থান নেয়ার জন্য আবহাওয়া অফিসের পক্ষ থেকে বলা হয়েছে।

শনিবার নগরীর আবহাওয়া হঠাৎ করেই পাল্টে যায়। শুক্রবারের অভিজ্ঞতার কারণে নগরবাসী ভাবতে পারেনি সকালের ঠাণ্ডা বাতাস দিনভর অব্যাহত থাকবে। নগরবাসীর এ ধারণা পাল্টে দিয়ে শনিবার দিনভর চলে মৃদু বাতাসের প্রবাহ। সূর্যের রশ্মি সাময়িকভাবে উঁকি মারার চেষ্টা করেও প্রভাব বিস্তার করতে পারেনি। নগরবাসী ফিরে পায় প্রশান্তি। এমনিতেই দীর্ঘদিন ধরে প্রচণ্ড রোদে ক্লান্ত হয়ে পড়েছিল মানুষ। সামান্য মেঘলা ও মৃদু বাতাসের সংস্পর্শ পেয়ে মানুষ আরামে তাদের কাজ কর্ম সম্পাদন করে। কাজকর্মে ফিরে আসে গতি। পথচারীদের সংখ্যা বেড়ে যায়। এতদিন রোদের ভয়ে পথচারীর সংখ্যা কমে গিয়েছিল। মাথার উপর থেকে মানুষ নামিয়ে ফেলে ছাতা। ঠাণ্ডা বাতাসের আদলে রাস্তার পাশে দল বেঁধে আলাপ করতেও দেখা গেছে লোকজনকে। রাস্তার ফুটপাথে গড়ে ওঠা অনেক ভাসমান দোকানের পলিথিনের ছাউনি খুলে ফেলা হয়। আবহাওয়া অফিস জানিয়েছে, লঘুচাপের কারণে নয়, দেশের বেশ কয়েকটি স্থানে কালবৈশাখী উন্মতি লাভ করে বলেই রাজধানীর উপর দিয়ে মৃদু বাতাস বয়ে যায়।